

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৯]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নামাযী ব্যক্তির সামনে দিয়ে কেউ যেতে চাইলে বাঁধা দিবে

باب يَرُدُّ الْمُصلِّي مَنْ مَرَّ بَيْنَ يَدَيْهِ

আরবী

الله عن أبي سَعِيدٍ الْخُدْرِيَّ: أَنَّهُ كان يُصلِّي يَوْمِ جُمُعَةٍ إِلَى شَيْءٍ يَسْتُرُهُ مِنَ النَّاسِ، فَأَرَادَ شَابٌ مِنْ بَنِي أَبِي مُعَيْطٍ أَنْ يَجْتَازَ بَيْنَ يَدَيْهِ، فَدَفَعَ أَبُو سَعِيدِ فِي صَدْرِهِ، فَنَظَرَ الشَّابُ فَلَمْ يَجِدْ مَسَاغًا إِلا بَيْنَ يَدَيْهِ، فَعَادَ لِيَجْتَازَ، فَدَفَعَهُ أَبُو سَعِيدٍ أَشَدَّ مِنَ الأولَى، فَنَالَ مِنْ أَبِي سَعِيدٍ، ثَمَّ دَخَلَ عَلَى مَرْوَانَ فَشَكَا إِلَيْهِ مَا لَقِيَ مِنْ أَبِي سَعِيدٍ، وَدَخَلَ أَبُو سَعِيدٍ خَلْفَهُ عَلَى مَرْوَانَ، فَقَالَ: مَا لَكَ وَلابْنِ أَخِيكَ يَا أَبَا سَعِيد؟ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ سَعِيدٍ خَلْفَهُ عَلَى مَرْوَانَ، فَقَالَ: مَا لَكَ وَلابْنِ أَخِيكَ يَا أَبَا سَعِيد؟ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ يَقُولُ إِذَا صَلَّى أَحَدُكُمْ إِلَى شَيْءٍ يَسْتُرُهُ مِنَ النَّاسِ، فَأَرَادَ أَحَدٌ أَنْ يَجْتَازَ بَيْنَ يَدَيْهِ، فَلْيُقَاتِلْهُ، فَإِنَّمَا هُوَ شَيْطَانٌ

বাংলা

৩১৬) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি কোন এক জুমআর দিন একটি বস্তু সামনে রেখে নামায পড়ছিলেন, যা তাঁকে মানুষ থেকে পর্দা করে রেখেছিল। এ সময় বনী আবী মুআইতের একটি যুবক তাঁর সামনে দিয়ে যাওয়ার চেষ্টা করল। আবু সাঈদ (রাঃ) তার বক্ষে ধাক্কা দিলেন। যুবকটি এদিক ওদিক তাকাল। কিন্তু নামাযের সামনে দিয়ে যাওয়া ছাড়া অন্য কোন পথ পেলনা। সে পুনরায় সামনে দিয়ে যাওয়ার চেষ্টা করল। আবু সাঈদ এবার প্রথমবারের চেয়ে আরো জােরে ধাক্কা দিলেন। এতে যুবকটি আবু সাঈদকে গালি দিল। সে মারওয়ান ইবনে হাকামের কাছে গিয়ে আবু সাঈদের বিরুদ্ধে নালিশ করল। আবু সাঈদ খুদরীও যুবকটির পরেই মারওয়ানের দরবারে প্রবেশ করলেন। মারওয়ান বললেনঃ হে আবু সাঈদ! তােমার সাথে তােমার ভাতিজার কি হয়েছে? আবু সাঈদ বললেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তােমাদের কেউ যখন কোন বস্তুকে সামনে রেখে নামায পড়বে এমতাবস্থায় কেউ যদি তার সামনে দিয়ে অতিক্রম করতে চায়, তাহলে সে যেন অতিক্রমকারীকে বাধা দেয়। বাধা না মানলে তার সাথে যেন লড়াই করে। অর্থাৎ কঠােরভাবে প্রতিরোধ করবে। কারণ সে একটি শয়তান।



English

The person offering Salat (prayer) should repulse that person who tries to pass in front of him

Narrated Abu Sa'id:

The Prophet (ﷺ) said, (what is ascribed to him in the following Hadith):

Narrated Abu Salih As-Samman:

I saw Abu Sa`id Al-Khudri praying on a Friday, behind something which acted as a Sutra. A young man from Bani Abi Mu'ait [??], wanted to pass in front of him, but Abu Sa`id repulsed him with a push on his chest. Finding no alternative he again tried to pass but Abu Sa`id pushed him with a greater force. The young man abused Abu Sa`id and went to Marwan and lodged a complaint against Abu Sa`id and Abu Sa`id followed the young man to Marwan who asked him, "O Abu Sa`id! What has happened between you and the son of your brother?" Abu Sa`id said to him, "I heard the Prophet () saying, 'If anybody amongst you is praying behind something as a Sutra and somebody tries to pass in front of him, then he should repulse him and if he refuses, he should use force against him for he is a Shaitan (a Satan).'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন